



# হাবীবুল্লাহ বাহার কলেজ

কলেজ কোড -জাতীয় বিশ্ববিদ্যালয়-৬৪৫৯  
ঢাকা বোর্ড-১৩০১, EIIN-১০৮৩৫১  
ফোন নম্বর-৯৩৫৮২৭৮, ৯৩৩৩২৬৭



শান্তিনগর, ঢাকা-১০০০।

স্থাপিত-১৯৬৯

E-mail: hbuc.college@gmail.com

Web: www.hbuc.edu.bd

তারিখঃ ২৬-১২-২০২১

## বিশেষ নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাবীবুল্লাহ বাহার কলেজের গরীব ও মেধাবী শিক্ষার্থীদের বেতন ও অন্যান্য ফি মওকুফ সংক্রান্ত বিষয়ে নিম্নলিখিত শর্ত প্রযোজ্য হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে।

### শর্ত সমূহঃ

১. কোন শিক্ষার্থীর মওকুফ পেতে হলে অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নিজে আবেদন করতে হবে।
২. শিক্ষার্থী তার প্রকৃত অভিভাবককে নিয়ে আসবে এবং অভিভাবকের NID এর কপি জমা দিতে হবে।
৩. আর্থিকভাবে দুর্বল শিক্ষার্থীদের ক্ষেত্রে তার নিজের এলাকার কমিশনারের সার্টিফিকেট জমা দিতে হবে।
৪. শিক্ষার্থীরা অধ্যক্ষ মহোদয় বরাবর বেতন মওকুফ এর জন্য আবেদন করবে উক্ত আবেদনে স্ব স্ব বিভাগীয় প্রধান এর সুপারিশ থাকতে হবে।
৫. বিভাগীয় প্রধানের সুপারিশসহ আবেদন সমূহ অধ্যক্ষ মহোদয় মওকুফ সংক্রান্ত কমিটির অনুমোদনের জন্য প্রেরণ করবেন।
৬. মওকুফ সংক্রান্ত কমিটি যাচাই বাছাই করে শিক্ষার্থীর আবেদনের নিষ্পত্তি করবেন।
৭. কোন শিক্ষার্থীর বেতন মওকুফ পাওয়ার জন্য যথেষ্ট কারণ থাকতে হবে।

### মওকুফ পাওয়ার যথেষ্ট কারণসমূহঃ

- a) পিতা-মাতার এন্তেকাল জনিত কারণ, এই ক্ষেত্রে ডেথ সার্টিফিকেট জমা দিতে হবে।
- b) অভিভাবক গুরুতর অসুস্থ বা দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত অথবা বড় ধরনের দুর্ঘটনার স্বীকার হয়ে থাকেন। এ ক্ষেত্রে যথাযথ প্রমাণপত্র দাখিল করতে হবে।
- c) শিক্ষার্থী নিজেই যদি গুরুতর অসুস্থ অথবা দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়। (প্রমাণপত্র দাখিল করতে হবে)
- d) মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি এ ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ জমা দিতে হবে।
- e) একই বাবার দুই সন্তান যদি একই সাথে এই প্রতিষ্ঠানে লেখাপড়া করে।
- f) প্রাকৃতিক দুর্যোগের কারণে যদি তার কৃষি/ব্যবসার ক্ষয় ক্ষতি হয়ে থাকে।

ড. আব্দুল জব্বার মিয়া  
অধ্যক্ষ  
হাবীবুল্লাহ বাহার কলেজ।

Dr. Abdúl Jabber Miah  
Principal  
Habibullah Bahar College  
Shantinagar, Dhaka.